ঢাকা বিশ্ববিদ্যালয়

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৯ সন থেকে ২০২২ সন পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২৪ সনের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে যারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিটে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ করে কেবল তারাই ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ভর্তি প্রার্থীরা ০৪/১১/২০২৪ তারিখ দুপুর ১২:০০টা থেকে ২৫/১১/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মি: পর্যন্ত **Dhaka University Admission Website (https://admission.eis.du.ac.bd)**- এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে।

**বিজ্ঞান ইউনিট:** বিজ্ঞান অনুষদ, জীববিজ্ঞান অনুষদ, ফার্মেসী অনুষদ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদভুক্ত সকল বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউট।

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির জন্য আবেদন করা যাবে তা ওয়েবসাইটে প্রদত্ত ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম ও IGCSE/O Level এবং IAL/GCE A Level পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৮.০ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে । তবে উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক ও বাণিজ্য শাখার শিক্ষার্থীরাও এই ইউনিটে ভর্তির জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে শিক্ষার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ (আলাদাভাবে ন্যূনতম ৩.০) থাকতে হবে। (ভর্তি নির্দেশিকায় বিস্তারিত তথ্য উল্লেখ থাকবে)

**কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট :** কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউট।

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির জন্য আবেদন করা যাবে তা ওয়েবসাইটে প্রদত্ত ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

উচ্চ মাধ্যমিক বোর্ডের মানবিক শাখায় এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাধারণ শাখায় আলিম ও IGCSE/O Level এবং IAL/GCE A Level পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী যাদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.০ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান ও বাণিজ্য শাখার শিক্ষার্থীরাও এই ইউনিটে ভর্তির জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে শিক্ষার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল বিজ্ঞান শাখার জন্য ন্যূনতম ৮.০ (আলাদাভাবে ন্যূনতম ৩.৫) এবং বাণিজ্য শাখার জন্য ন্যূনতম ৭.৫ (আলাদাভাবে ন্যূনতম ৩.০) থাকতে হবে (ভর্তি নির্দেশিকায় বিস্তারিত তথ্য উল্লেখ থাকবে)।

**ব্যবসায় শিক্ষা ইউনিট :** বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত ম্যানেজমেন্ট, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, মার্কেটিং, ফিন্যান্স, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস, ইন্টারন্যাশনাল বিজনেস, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট এবং অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগ।

উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের ব্যবসায় শিক্ষা শাখায় ও IGCSE/O Level এবং IAL/GCE A Level পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.৫ (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.০ থাকতে হবে) আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান ও মানবিক শাখার শিক্ষার্থীরাও এই ইউনিটে ভর্তির জন্য আবেদন করতে পারবে। সেক্ষেত্রে শিক্ষার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল বিজ্ঞান শাখার জন্য ন্যূনতম ৮.০ (আলাদাভাবে ন্যূনতম ৩.৫) এবং মানবিক শাখার জন্য ন্যূনতম ৭.৫ (আলাদাভাবে ন্যূনতম ৩.০) থাকতে হবে। (ভর্তি নির্দেশিকায় বিস্তারিত তথ্য উল্লেখ থাকবে)।

CamScanner

**চারুকলা ইউনিট :** চারুকলা অনুষদভুক্ত অঙ্কন ও চিত্রায়ণ, গ্রাফিক ডিজাইন, প্রিন্টমেকিং, প্রাচ্যকলা, মৃৎশিল্প, ভাস্কর্য, কারুশিল্প এবং শিল্পকলার ইতিহাস বিভাগ ।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার যে কোন শাখায় (৪র্থ বিষয়সহ) জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৬.৫ হতে হবে (মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.০ থাকতে হবে)। (ভর্তি নির্দেশিকায় বিস্তারিত তথ্য উল্লেখ থাকবে)

**আইবিএ ইউনিট:** ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটে (আইবিএ) ভর্তির জন্য।

মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান-এর পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫ থাকতে হবে এবং এই দুইটি পরীক্ষায় প্রাপ্ত জি.পি.এ-র যোগফল অন্তত ৮.০ হতে হবে। (ভর্তি নির্দেশিকায় বিস্তারিত তথ্য উল্লেখ থাকবে) ।

**IGCSE/O-Level এবং IAL/GCE A -Level-এ উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে:**
IGCSE/O-Level-এ অন্তত ৫টি বিষয়ে (Mathematics আবশ্যিক) এবং IAL/GCE A- Level এ অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে IGCSE/O- Level ও IAL/GCE A-Level-এর ৭টি বিষয়ের মধ্যে কমপক্ষে ২টি বিষয়ে A গ্রেড থাকতে হবে এবং IGCSE/O-Level ও IAL/GCE A-Level-এ যথাক্রমে আলাদা ভাবে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.৫ থাকতে হবে। পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের পয়েন্ট হবে নিম্নরূপ:

A = 5.0 B = 4.0 C = 3.0 D = 0.0

**সকল ইউনিটের ক্ষেত্রে প্রযোজ্য (IGCSE/O Level এবং IAL/GCE A Level প্রার্থীর ক্ষেত্রে)**

১। ২০১৯ সন থেকে ২০২২ সন পর্যন্ত **IGCSE/O Level** পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ০৫ জানুয়ারী, ২০২৪ সনের পরে ফল প্রকাশিত **IAL/GCE A Level** পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাদের **IGCSE/O Level** এবং **IAL/GCE A Level** মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে বি-গ্রেড ও ৩টি বিষয়ে কমপক্ষে সি-গ্রেড থাকতে হবে।

২। সমমানের বিদেশি সার্টিফিকেট/ডিপ্লোমাধারী প্রার্থীরা সমতা নিরূপণের জন্য অনলাইনে আবেদন করবে। সংশ্লিষ্ট ইউনিট প্রধান সমতা নিরূপণের পর অনুমতি দিলেই কেবল প্রার্থীরা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। সকল প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত পূরণ করতে হবে।

**কোটায় ভর্তি**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ওয়ার্ড কোটা (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী), উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধি (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক, নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস ও হিজড়া, মুক্তিযোদ্ধার সন্তান (সন্তান পাওয়া না গেলে নাতি/নাতনী), খেলোয়াড় (শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান 'বিকেএসপি' থেকে এইচ এস সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রী) কোটায় ভর্তি প্রার্থীদেরকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ৭ (সাত) দিনের মধ্যে ঐ ইউনিটের ডিন অফিস থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র প্রদর্শন পূর্বক নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে। কোটার নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণ করে যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক তার প্রত্যয়নপত্র/সনদপত্র/ প্রমাণপত্রসহ সংশ্লিষ্ট ইউনিট প্রধানের অফিসে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।

(ক) ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিস প্রধানের প্রত্যয়নপত্রসহ।

(খ) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি কোটার ক্ষেত্রে স্ব-স্ব উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠি প্রধান/জেলা প্রশাসক এর সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ

(গ) হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্রসহ।

(ঘ) প্রতিবন্ধি কোটার (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস, হিজড়া) ক্ষেত্রে সঠিকতার সনদপত্রসহ।

(ঙ) মুক্তিযোদ্ধার সন্তান (সন্তান পাওয়া না গেলে নাতি/নাতনী) কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সন থেকে ২০০১ সন পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্রসহ।

(চ) খেলোয়াড় কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে এইচ এস সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সনদপত্র প্রাপ্ত হতে হবে।

**উল্লেখ্য, জাতীয় পর্যায়ের খেলোয়াড় কোটায় ভর্তি বিজ্ঞপ্তি পৃথকভাবে প্রকাশ করা হবে।** ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ হতে খেলোয়াড় কোটায় ভর্তির জন্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট ইউনিট প্রধানগণ লিখিত পরীক্ষা গ্রহণ করবেন।

CamScanner

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচি নিম্নরূপঃ**

| ইউনিট | পরীক্ষার তারিখ | বার | সময়সূচি |
|---|---|---|---|
| কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট | ২৫/০১/২০২৫ | শনিবার | সকাল ১১:০০ টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত |
| বিজ্ঞান ইউনিট | ০১/০২/২০২৫ | শনিবার | সকাল ১১:০০ টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত |
| ব্যবসায় শিক্ষা ইউনিট | ০৮/০২/২০২৫ | শনিবার | সকাল ১১:০০ টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত |
| চারুকলা ইউনিট (সাধারণ জ্ঞান ও অঙ্কন) | ০৪/০১/২০২৫ | শনিবার | সকাল ১১:০০ টা থেকে ১২:৩০ মিনিট পর্যন্ত |
| আইবিএ ইউনিট | ০৩/০১/২০২৫ | শুক্রবার | সকাল ১০:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত |

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় নম্বর ও সময় বন্টন নিম্নরূপঃ**

| ইউনিট | MCQ পরীক্ষা | | লিখিত/অঙ্কন পরীক্ষা | |
|---|---|---|---|---|
| | নম্বর | সময় | নম্বর | সময় |
| কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট | ৬০ | ৪৫ মিনিট | ৪০ | ৪৫ মিনিট |
| বিজ্ঞান ইউনিট | ৬০ | ৪৫ মিনিট | ৪০ | ৪৫ মিনিট |
| ব্যবসায় শিক্ষা ইউনিট | ৬০ | ৪৫ মিনিট | ৪০ | ৪৫ মিনিট |
| চারুকলা ইউনিট (সাধারণ জ্ঞান ও অঙ্কন) | ৪০ (সাধারণ জ্ঞান) | ৩০ মিনিট | ৬০ (অঙ্কন) | ৬০ মিনিট |
| আইবিএ ইউনিট | ৭০ | ৯০ মিনিট | ৩০ | ৩০ মিনিট |

**(ওয়েবসাইটে স্ব স্ব ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে)**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে সকল ইউনিটে ভর্তি প্রার্থীদের পরীক্ষা কেন্দ্রে Mobile Phone, Calculator, Smart watch, Electronic Device সম্বলিত ঘড়ি ও কলম ব্যবহার করা সম্পূর্ণ নিষেধ।

ওয়েবসাইটে প্রদত্ত ভর্তি-নির্দেশিকায় উল্লেখ নেই ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে সংশ্লিষ্ট ইউনিট কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

**অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের জন্য আবেদনকারীর করণীয় ঃ**

**সাধারণ তথ্য (সকল আবেদনের জন্য)**

যেকোন ইউনিটে ভর্তির আবেদন https://admission.eis.du.ac.bd ওয়েব সাইট থেকে করা যাবে। ভর্তির আবেদনের জন্য শিক্ষার্থীর উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিকের তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক), শিক্ষার্থী যে বিভাগীয় শহরের কেন্দ্রে পরীক্ষা দিতে আগ্রহী, কোটা এবং স্ক্যান করা একটি ছবির প্রয়োজন পড়বে। ভর্তির আবেদন ফি তাৎক্ষনিক অনলাইনে বা চারটি রাষ্ট্রায়ত্ব ব্যাংকে (সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী) নির্ধারিত সময়সীমার মধ্যে জমা প্রদান করা যাবে। আবেদন ফি অফেরৎযোগ্য। আবেদন ও ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য উক্ত ওয়েবসাইটে পাওয়া যাবে।

**সমতা নিরূপনের জন্য**

এ-লেভেল/ও-লেভেল/সমমান বিদেশী পাঠক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপনের জন্য https://admission.eis.du.ac.bd ওয়েবসাইটে গিয়ে "সমমান আবেদন" বা "Equivalence Application" মেনুতে আবেদন করে তাৎক্ষনিকভাবে অনলাইনে নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপনের পর প্রাপ্ত "Equivalence ID" ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের মত তারা একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

৩০/১০/২০২৪

মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

**প্রশাসনিক ভবন**
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০
তারিখ ঃ ............./২০২৩

30.10.24

CamScanner